গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা
**www.nbr.gov.bd**

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০৫-২০১৭/৫৫

তারিখঃ ২২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

***প্রজ্ঞাপন***

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং ৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১(অংশ-১)-২৭৬, তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ এর ২ নং অনুচ্ছেদে সুপারিশকৃত ৫১১ (পাঁচশত এগার) জন প্রার্থীর মধ্যে ২৩ (তেইশ) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০৩(তিন) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিসী মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট/প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে এ বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫/০২/২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত সংশ্লিষ্ট কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয়কে সম্বোধনপূর্বক তিনি তাঁর যোগদানপত্র পদায়নকৃত কর্মস্থলে দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।

নিয়োগপ্রাপ্ত ঃ ২৩ (তেইশ) জন।

| ক্রমিক নং | সুপারিশকৃত তালিকার ক্রমিক নং | রেজিঃ নং | নাম ও জন্ম তারিখ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | ৪৮ | ০৫১৪৮৮ | জনাব সোহেল ভূইয়া<br>১২/১২/১৯৮৯ | টাঙ্গাইল | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ২. | ৮২ | ০০০৩৬৭ | জনাব মীর নেফাউর রহমান<br>০১/১২/১৯৯০ | নারায়নগঞ্জ | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৩. | ৮৮ | ৭১৩১১৬ | জনাব মোঃ ফোজায়েল হোসেন<br>০৩/১০/১৯৮৮ | রংপুর | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৪. | ১০৮ | ০৪৩৮২৮ | জনাব অসীম কুমার<br>৩০/০৬/১৯৮৭ | রাজশাহী | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৫. | ১২৬ | ১১৬৯৬৫ | জনাব জামিল সারোয়ার আহাদ<br>০৩/০৬/১৯৯০ | নারায়নগঞ্জ | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৬. | ১৬০ | ২০৩৮৪৫ | জনাব মোঃ মাহমুদুল হাসান খান<br>২০/০৮/১৯৮৮ | সিরাজগঞ্জ | কাস্টম হাউস, ঢাকা। |
| ৭. | ১৮৩ | ১০৯৮০৪ | জনাব মোঃ আব্দুল কাদের<br>১৮/১১/১৯৮৮ | কুড়িগ্রাম | কাস্টম হাউস, ঢাকা। |
| ৮. | ২১৫ | ১১৪২৬২ | জনাব মোঃ ইব্রাহীম<br>১৪/০৭/১৯৮৯ | নারায়নগঞ্জ | কাস্টম হাউস, ঢাকা। |
| ৯. | ২২৩ | ৭০৭৫৩৪ | জনাব রুখসানা আমিন<br>০৫/১১/১৯৮৭ | টাঙ্গাইল | কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা। |
| ১০. | ২৬১ | ৩০০৯৮০ | জনাব শারীফ আদনান হক<br>০১/১১/১৯৮৮ | চট্টগ্রাম | কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা। |
| ১১. | ২৭৬ | ০৬২৬৮৯ | জনাব মোহাম্মদ জামিলুর রহমান<br>১৬/১২/১৯৮৯ | জামালপুর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। |
| ১২. | ২৯২ | ০২১২২৭ | জনাব মোঃ জালাল উদ্দিন<br>২১/০৯/১৯৮৫ | বগুড়া | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। |

| ক্রমিক নং | সুপারিশকৃত তালিকার ক্রমিক নং | রেজিঃ নং | নাম ও জন্ম তারিখ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৩. | ২৯৭ | ০৪২৬২৬ | জনাব জাহাঙ্গীর হোসাইন ০৬/০৭/১৯৯০ | নারায়নগঞ্জ | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। |
| ১৪. | ৩১৫ | ০৩১৫৪৩ | জনাব পলাশ চন্দ্র দাস ১৫/১২/১৯৮৯ | নারায়নগঞ্জ | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর। |
| ১৫. | ৩২৫ | ০৫৩১৭৮ | জনাব ওয়াসিক বিল্লাহ্ ২৮/১২/১৯৮৬ | নওগাঁ | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। |
| ১৬. | ৩৫০ | ০৮৯২৭২ | জনাব আজিজুন্নাহার ২৬/০৯/১৯৮৯ | জামালপুর | বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা। |
| ১৭. | ৪০৩ | ০৩০১৮৩ | জনাব মোঃ মোয়াল্লেম হোসাইন ০১/০১/১৯৯২ | শেরপুর | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। |
| ১৮. | ৪২৮ | ০২০৮৬২ | জনাব আব্দুল্লাহ আল মামুন ৩১/০১/১৯৮৯ | নারায়নগঞ্জ | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। |
| ১৯. | ৪৬৪ | ০১২৫২১ | জনাব অমিত কুমার দাস ২৮/০৪/১৯৮৮ | নারায়নগঞ্জ | শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। |
| ২০. | ৪৬৫ | ০৪৭৯৭৬ | জনাব মোঃ মিজানুর রহমান ২৬/০৯/১৯৮৮ | শেরপুর | শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। |
| ২১. | ৪৭৩ | ০৮৮৮৮৮ | জনাব মোঃ শাহীন ইকবাল ০১/০৩/১৯৯১ | বগুড়া | শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। |
| ২২. | ৪৮৮ | ০৭৮১২৩ | জনাব আব্দুল্লাহ-আল-মারুফ ০৬/০১/১৯৮৫ | শেরপুর | শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। |
| ২৩. | ৫০৪ | ০০১২৯২ | জনাব আশ্রাফুল জান্নাত ২৬/০৪/১৯৮৭ | চাঁদপুর | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখঃ-০৪/০২/২০১৮ খ্রিঃ
(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০৫-২০১৭/৫৫ (          )

তারিখঃ ২২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সদস্য(শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৫. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি/বেনাপোল/মোংলা/পানগাঁও ।
৬. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম), ঢাকা/ রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/সিলেট।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৮. কমিশনার কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/ খুলনা।

বর্ণিত প্রার্থীদের যোগদানকালে জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রেরিত প্রার্থীদের ছবির স্ক্যান কপির সাথে মিলিয়ে তাদের যোগদান পত্র গ্রহণ ও প্রার্থীদের যোগদান সংক্রান্ত সকল কাগজপত্রের মূল কপি যোগদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিশনার/মহাপরিচালকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯. মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যার্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
১০. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট ।
১৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা/যশোর।
১৬. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শার্শা, যশোর।
১৭. ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট অনুবিভাগ এর সকল সদস্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৮. ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৯. জনাব.................................................................................................
২০. ব্যক্তিগত নথি।

০৪/০২/২০১৮
(খান মোঃ রেজা-উন-নবী)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)
ফোনঃ ৯৩৫৬৪৬০
e-mail: nbr.cev3@gmail.com

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় ঃ জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে যোগদান প্রসঙ্গে।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং ৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১ (অংশ-১)-২৭৬, তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা এর ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১৩.১০.০০৫-২০১৭/৫৫ নং স্মারক মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে নিয়োগপ্রাপ্ত হয়ে আজ......................খ্রিঃ তারিখ রোজ............বার পুর্বাহ্নে যোগদান করলাম।

অতএব, আমার যোগদানপত্র গ্রহণ করার জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করছি।

আপনার অনুগত

তারিখঃ

(................................)
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
মেধাক্রম-
রেজিঃ নং-

অঙ্গীকারনামা

আমি......................................পিতাঃ...............................,মাতাঃ..................................................
স্থায়ী ঠিকানাঃ..................................................................................................................
.........(গ্রাম/মহল্লা/সড়ক)ঃ.......................................,ডাকঘরঃ..................................................................
.থানা/উপজেলাঃ....................................., জেলাঃ ....................................বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং-৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১ (অংশ-১)-২৭৬, তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা এর ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখের তারিখের ০৮.০১.০০০০.০১৩.১০.০০৫-২০১৭/৫৫ নং স্মারক মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে নিয়োগপ্রাপ্ত হয়ে আজ .................... খ্রিঃ তারিখ, রোজ .............বার পুর্বাহ্নে যোগদান করলাম। আমার মেধাক্রম-.................... রেজিঃ নং................. ।

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, আমার শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার তিন (০৩) বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দিলে, প্রশিক্ষণকালে আমাকে প্রদত্ত বেতনভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমনভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকব।

আমি আরও অঙ্গীকার করছি যে, আমার ইস্তফাপত্র সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে কর্তব্য কাজে অনুপস্থিত থাকলে সরকারের যাবতীয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯৯৩ এর বিধান অনুযায়ী আমি সরকারকে ফেরত দিতে বাধ্য থাকব এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আমার বিরুদ্ধে সরকার বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আপনার অনুগত,

তারিখ-

( )

অঙ্গীকারকারীর নাম ও স্বাক্ষর
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
মেধাক্রম-.......................
রেজিঃ নং-......................

সাক্ষী

১। নামঃ স্বাক্ষর ঃ
পিতার নামঃ
ঠিকানাঃ
মোবাইল নং-

২। নামঃ স্বাক্ষর ঃ
পিতার নামঃ
ঠিকানাঃ
মোবাইল নং-

## জামানত নামা

উপর্যুক্ত বিবরণ আমার জানামতে সত্য। আমি তাকে ব্যক্তিগতভাবে চিনি। আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, তিনি যদি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার তিন (০৩) বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমনভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকব।

আপনার একান্ত,

তারিখ ঃ ............................খ্রিঃ।

....................................................

জামানতদারের নাম ও স্বাক্ষর

ঠিকানাঃ

মোবাইল নং-

সাক্ষী

১। নামঃ স্বাক্ষর ঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

মোবাইল নং-

২। নামঃ স্বাক্ষর ঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

মোবাইল নং-

*যৌতুক গ্রহণ বা প্রদান না করা সম্পর্কিত অঙ্গীকারনামা*

আমি.....................................পিতাঃ...............................,মাতাঃ.................................................. স্থায়ী ঠিকানাঃ...................................................................................................................... .........(গ্রাম/মহল্লা/সড়ক)ঃ.........................................,ডাকঘরঃ..................................................................... .থানা/উপজেলাঃ......................................, জেলাঃ ....................................বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং-৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১ (অংশ-১)-২৭৬, তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা এর ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখের তারিখের ০৮.০১.০০০০.০১৩.১০.০০৫-২০১৭/৫৫ নং স্মারক মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে নিয়োগপ্রাপ্ত হয়ে আজ .................... খ্রিঃ তারিখ, রোজ .............বার পুর্বাহ্নে যোগদান করলাম। আমার মেধাক্রম-..................... রেজিঃ নং.................।

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, আমার বিয়েতে কোন প্রকার যৌতুক নিব না বা দিব না এবং আমার কোন আত্মীয়, পরিজনের বিয়েতে যৌতুক নিব না বা দিব না।

যদি আমি কোন প্রকার যৌতুক আদান প্রদানের সাথে জড়িত থাকি বা সহযোগিতা করি তাহলে বাংলাদেশ সরকার আমার বিরুদ্ধে বিধি মোতাবেক যে কোন শাস্তি প্রদান করলে আমি তা মেনে নিতে বাধ্য থাকব।

আমি স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে ও অন্যের বিনা প্ররোচনায় এ অঙ্গীকারনামায় উল্লেখিত বিষয়াদি নিজে পাঠ করে এবং অর্থ বুঝে নিম্নবর্ণিত সাক্ষীগণের উপস্থিতিতে আজ........./....../...........খ্রিঃ তারিখ রোজ.......... বার পূর্বাহ্নে স্বাক্ষর প্রদান করলাম।

আপনার অনুগত,

তারিখ.......................................

(.....................................)

অঙ্গীকারকারীর স্বাক্ষর
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
মেধাক্রম-....................
রেজিঃ নং-...................

সাক্ষী

১। নামঃ স্বাক্ষর ঃ
পিতার নামঃ
ঠিকানাঃ
মোবাইল নং-

২। নামঃ স্বাক্ষর ঃ
পিতার নামঃ
ঠিকানাঃ
মোবাইল নং-

সম্পদের হিসাব বিবরণী

(স্থাবর)

সরকারী কর্মচারী (আচারণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি

আমি ....................................পরিচিতি নম্বর (যদি থাকে)....................................................

পদবী ঃ..........................................চাকুরীতে যোগদানের তারিখ ঃ .................................

বর্তমান কর্মস্থল...........................................................................এ মর্মে ঘোষনা করছি যে,
আমার/আমার পরিবারের সদস্যগণের নামে চাকুরীতে প্রথম যোগদানের তারিখ পর্যন্ত নিম্নে বর্ণিত সম্পদ/সম্পত্তি বিদ্যমান আছে ঃ

| সম্পদ/সম্পত্তির বিবরণ | সম্পদ অর্জনের তারিখ | যার নামে অর্জিত | সম্পদ/সম্পত্তির প্রকৃতি ও অবস্থান | সম্পত্তির পরিমান | কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য | ক্রয় হলে অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (১) জমি (কৃষি/অকৃষি) | | | | | | | |
| (২) ইমারত | | | | | | | |
| (৩) বসতবাড়ী | | | | | | | |
| (৪) ব্যবসা প্রতিষ্ঠান | | | | | | | |
| মোট | | | | | | | |

সম্পদের হিসাব বিবরণী

**(অস্থাবর)**

| সম্পদ/সম্পত্তির বিবরণ | সম্পদ অর্জনের তারিখ | যার নামে অর্জিত | সম্পদ/সম্পত্তির প্রকৃতি ও অবস্থান | সম্পত্তির পরিমান | কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য | ক্রয় হলে অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (১) অলংকারাদি | | | | | | | |
| (২) স্টকস | | | | | | | |
| (৩) শেয়ার | | | | | | | |
| (৪) বীমা | | | | | | | |
| (৫) নগদ/ব্যাংকে গচ্ছিত অর্থ | | | | | | | |
| (৬) মোটর ভেহীকলস্ | | | | | | | |
| (৭) ইলেকট্রনিক্স জিনিষপত্র (কম্পিউটার, টেলিভিশন, এয়ারকুলার, রেফ্রিজারেটর, ওভেন ইত্যাদি) | | | | | | | |
| মোট | | | | | | | |

আমি আরও ঘোষণা করছি যে, উপরোক্ত সম্পদ/সম্পত্তি (স্থাবর/অস্থাবর) বিবরণী আমার জ্ঞাত ও বিশ্বাসমতে সত্য। এমন কোন সম্পদ/সম্পত্তি (স্থাবর/অস্থাবর) বিবরণী এ হিসাব বিবরণী হতে গোপন করা হয়নি, যাতে আমার নিজের অথবা আমার পরিবারের সদস্যগণের মাধ্যমে স্বার্থ বিহিত আছে।

স্বাক্ষর ঃ

নাম ঃ